75

তারিখ 26 APR 1995
পৃষ্ঠা ৮ কলাম ৫

আজকের কাগজ

# নানাবিধ সমস্যায় জর্জরিত ভোলা সরকারি কলেজে ৮২ টির মধ্যে ৩২টি শিক্ষকের পদ শূন্য

ভোলা সরকারি কলেজের নানাবিধ সমস্যায় লেখা পড়ার ক্ষেত্রে এক চরম নৈরাজ্য বিরাজ করছে। কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষসহ ১৮টি বিভাগের ৮২ টি শিক্ষকের পদ থাকলেও বর্তমানে শিক্ষক সংখ্যা ৫০ জন। রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ৪টি পদ থাকলেও কোন শিক্ষক নেই। পর্দার্থ বিজ্ঞান বিভাগে ৪টি পদে শিক্ষক মাত্র ১ জন। এছাড়া অন্যান্য বিভাগে শিক্ষক স্বল্পতা রয়েছে প্রচুর। গত বছর ১৩ জন শিক্ষক শিক্ষিকাকে অন্যত্র বদলি করা হয়েছে অথচ ভোলা কলেজে পাঠানো হয়েছে মাত্র ২ জন শিক্ষক। এছাড়া দীর্ঘদিন যাবত কলেজটির অবকাঠামোগত কোন পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে না। জরাজীর্ণ পুরাতন ভবনে ক্লাশ চলছে। কলেজের ভিন্ন কোন বিজ্ঞান ভবন নেই। কলেজের পাশে আলাদা একটি ছোট টিনের ঘরে মেয়েদের কমন রুম। এই কলেজের চর্তুদিকে সীমানা প্রাচীর না থাকায় কলেজের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। নৈশ প্রহরীর পদ না থাকায় রাতের বেলা কলেজটি অরক্ষিত অবস্থায় থাকে। ভোলা থেকে সংবাদদাতা।